গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(মনিটরিং-১ শাখা)
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০৯৯.০১৯.০১.০১.০০১.২০০৩ (অংশ). ৩২২

তারিখ: ৬ ভাদ্র ১৪২৯ / ২১ আগস্ট ২০২২

বিষয়: জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর স্থানীয় সরকার শাখায় কর্মচারীদের শূন্য পদ পূরণের জন্য ছাড়পত্র প্রদান প্রসংগে।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ এর স্মারক নং ৪৬.৪৩.৭০০০.০১১.১১.০০৪.২২-৪৫৫তারিখঃ ৩০/০৬/২০২২খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জেলা সৃষ্টি হতে অদ্যাবধি উপপরিচালক, স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ এর জন্য জনবল নিয়োগ না হওয়ায় সরাসরি নিয়োগযোগ্য অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-১ (এক)টি ও অফিস সহায়ক ২ (দুই) টি মোট ০৩ (তিন)টি শূন্য পদের বিপরীতে জনবল নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

০২। উল্লেখ্য, জনপ্রশাসন মন্ত্রণালয়ের জারিকৃত জেলা প্রশাসনের অর্গানোগ্রামে জেলা প্রশাসকের কার্যালয়ের অধীনস্থ স্থানীয় সরকার শাখার জনবলের সাংগঠনিক কাঠামোতে ০১টি অফিস সহায়ক এর পদ রয়েছে। চাঁপাইনবাবগঞ্জ জেলার স্থানীয় সরকার শাখায় ইতোপূর্বে ৪ ফেব্রুয়ারি, ২০২১ তারিখের ৬৫ (১) নং স্মারকে অফিস সহায়ক ১টি পদে জনবল নিয়োগের জন্য ছাড়পত্র প্রদান করা হয়েছে। এ ক্ষেত্রে সাংগঠনিক কাঠামো অনুযায়ী অফিস সহায়ক এর ১ (এক)টি পদে ছাড়পত্র দেয়ার পরও আরো ২ (দুই)টি অফিস সহায়ক পদের ছাড়পত্র চাওয়ার বিষয়টি স্পষ্ট নয়।

০৩। এমতাবস্থায়, জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ কার্যালয়ের উপপরিচালক, স্থানীয় সরকার শাখার জন্য অফিস সহায়ক এর ০২টি পদে ছাড়পত্র চাওয়ার বিষয়টি স্পষ্টীকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মোহাম্মদ সাঈদ-উর-রহমান
উপসচিব
ফোন:+৮৮-০২-৯৫১৪৬১১
E-mail:mon1@lgd.gov.bd

জেলা প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ

অনুলিপি: (জ্ঞাতার্থে / কার্যার্থেঃ)

১। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।
৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ। (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
৫। অফিস কপি